গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট
সংস্থাপন শাখা

তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ বিভাগীয় কমিটির সভার কার্যবিবরণী।

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ খলিলুর রহমান<br>বিভাগীয় কমিশনার |
| সভার তারিখ | ২৭ জুন ২০২১ |
| সভার সময় | সকাল ১০.০০ টা |
| স্থান | Zoom Application এর ভিডিও কনফারেন্স |
| উপস্থিতি | Zoom এর উপস্থিতি |


সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভায় গত ২৮ ফেব্রুয়ারি, ২০২১ তারিখের সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণী পাঠান্তে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ় করা হয়।

২। অতঃপর সভায় বিস্তারিত আলোচনার পরিপ্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:-

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| **০১. তথ্য প্রদানকারী কর্মকর্তার তথ্য প্রেরণ সংক্রান্ত:**<br>প্রত্যেক দপ্তরের তথ্য প্রদানে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবি দাপ্তরিক ফোন নম্বর, দাপ্তরিক ই-মেইল প্রদর্শন এবং ওয়েবসাইটে আপলোডকরণের বিষয় সভায় আলোচনা করা হয়। সভায় সকল বিভাগীয় অফিস থেকে এ সংক্রান্ত তথ্য সংগ্রহের বিষয় আলোচিত হয়। বিভাগের ৫৭টি দপ্তরের মধ্য হতে ৫১টি দপ্তরের প্রাপ্ত তথ্য সভায় উপস্থাপন করা হয়। | (ক) প্রত্যেক দপ্তরের তথ্য প্রদানে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবি, দাপ্তরিক ফোন ও ই-মেইল নম্বর স্ব-স্ব দপ্তরের সামনের প্রদর্শন করতে হবে এবং উক্ত তথ্য ওয়েবসাইটে আপলোড ও নিয়মিত হালনাগাদ করতে হবে।<br>(খ) স্ব-স্ব দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবি, দাপ্তরিক ফোন ও ই-মেইল নম্বর ওয়েব সাইটে আপলোড করে এ তথ্য এ কার্যালয়ে প্রেরণের জন্য বিভাগীয় দপ্তর সমূহকে পুনরায় পত্র দিতে হবে।<br>(গ) জেলা ও উপজেলা পর্যায়ে বিষয়টি নিশ্চিত করার জন্য জেলা ও উপজেলা কমিটির সভাপতিগণকে পত্র দিতে হবে। | (ক) সংশ্লিষ্ট সকল দপ্তর<br>(খ) ভারপ্রাপ্ত কর্মকর্তা, সংস্থাপন শাখা<br>(গ) জেলা প্রশাসক, সকল |
| **০২. কর্মকর্তা/কর্মচারীদের অনলাইন প্রশিক্ষণ:**<br>সভায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের তথ্য অধিকার বিষয়ক অনলাইন প্রশিক্ষণ গ্রহণের বিষয় আলোচিত হয়। সভায় জানানো হয় যে, বিভাগীয় ৫৭টি দপ্তরের মধ্যে ৩৩টি দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রশিক্ষণ গ্রহণের তথ্য সভায় উপস্থাপন করা হয়। | (ক) যে সকল দপ্তরের তথ্য প্রদানকারী কর্মকর্তা অনলাইন প্রশিক্ষণ গ্রহণ করেননি তাঁদের অনলাইন প্রশিক্ষণ গ্রহণের বিষয়ে পত্র দিতে হবে।<br>(খ) আগামী সভায় তথ্য প্রদানকারী কর্মকর্তা তথ্য বিস্তারিতভাবে উপস্থাপন করতে হবে। | (ক) সংশ্লিষ্ট সকল দপ্তর<br>(খ) ভারপ্রাপ্ত কর্মকর্তা, সংস্থাপন শাখা |

| | | |
|---|---|---|
| **<u>০৩. তথ্য অধিকার বিষয়ক পুরস্কার:</u>**<br>সভায় আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস, ২০২০ এর পুরস্কারের অর্থ ব্যয়ের লক্ষ্যে গৃহীত ০৩টি কার্যক্রমের বিষয়ে আলোচনা করা হয়।<br>(১) সভায় জানানো হয় সিলেট বিভাগের মাধ্যমিক বিদ্যালয়সমূহের ছাত্র-ছাত্রীদের বিতর্ক প্রতিযোগিতার বিভাগীয় পর্যায়ের চূড়ান্ত পর্ব গত ২২ জুন ২০২১ তারিখে অনুষ্ঠিত হয়েছে। চূড়ান্ত বিতর্ক প্রতিযোগিতায় সুনামগঞ্জ জেলার চন্দ্রনাথ বালিকা উচ্চ বিদ্যালয়, ছাতক দল বিজয়ী হয়েছে। উক্ত কার্যক্রম সম্পন্ন করায় সংশ্লিষ্টদের ধন্যবাদ জানানো হয়।<br>(২) সভায় তথ্য অধিকার বিষয়ক যোগাযোগ উপকরণ তৈরির কার্যক্রম প্রক্রিয়াধীন আছে মর্মে জানানো হয়। বর্তমানে ছাপার কাজ চলমান।<br>(৩) তথ্য অধিকার বিষয় অবহিতকরণ সভা সম্পর্কে জানানো হয় অদ্য ২৭ জুন ২০২১ তারিখ সকাল ১০.৩০ টায় উক্ত সভা (ভার্চুয়াল)ভাবে আয়োজন করা হবে। এতে বিভাগীয় কমিটির সদস্যসহ সিলেট বিভাগের চার জেলা থেকে অংশগ্রহণ থাকবে।<br>সভায় তিনটি কার্যক্রম গ্রহণ সম্পন্ন করায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | প্রস্তুতকৃত তথ্য অধিকার সংক্রান্ত যোগাযোগ উপকরণ বিতরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সহকারী কমিশনার, সংস্থাপন শাখা |
| **<u>০৪. তথ্য অধিকার বিষয়ক প্রচারণা:</u>**<br>সভায় জানানো হয় যে, জনগণের অধিকার নিশ্চিতকল্পে তথ্য অধিকার আইনের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। উক্ত আইন মতে তথ্য পেতে বিড়ম্বনা বা হয়রানির ঘটনা ঘটছে কিনা সে বিষয়ে কমিটির সদস্যদের সতর্ক থাকার বিষয় আলোচিত হয়। | সুশাসন বাস্তবায়নের জন্য সরকার কর্তৃক গৃহীত ০৫টি মাধ্যমের মধ্যে তথ্য অধিকার একটি গুরুত্বপূর্ণ মাধ্যম উল্লেখক্রমে তথ্য অধিকার আইন মতে তথ্য সরবরাহে ব্যত্যয় ঘটলে সে সম্পর্কিত তথ্য বিভাগ/জেলা/উপজেলা কমিটিকে অবহিত করার জন্য সকলকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট সকল |
| **<u>০৫. সংশ্লিষ্ট সংস্থার ওয়েব-সাইটে স্ব-প্রণোদিত ভাবে তথ্য প্রকাশ :</u>**<br>তথ্য অধিকার আইন, ২০০৯ এর তথ্য অধিকার (তথ্য প্রকাশ ও প্রচার) প্রবিধানমালা ২০১০ এর তফসিল-১ ও তফসিল-২-এ তথ্য প্রকাশ ও প্রচারের বিষয় উল্লেখ থাকায় এ তথ্যসমূহ সকল দপ্তরের ওয়েবসাইটে প্রকাশের বিষয় আলোচনা করা হয়। | (ক) তথ্য অধিকার আইন, ২০০৯ এর তথ্য অধিকার (তথ্য প্রকাশ ও প্রচার) প্রবিধানমালা ২০১০ এর তফসিল-১ ও তফসিল-২ অনুযায়ী সংশ্লিষ্ট সংস্থার ওয়েবসাইটে স্ব- প্রণোদিতভাবে তথ্য প্রকাশের বিষয়টি পরবর্তী সভার পূর্বে নিশ্চিত করতে হবে।<br>(খ) বিষয়টি নিশ্চিত করার লক্ষ্যে সকল বিভাগীয় দপ্তরসমূহে পত্র প্রেরণ করতে হবে। | (ক) সংশ্লিষ্ট সকল দপ্তর<br><br>(খ) ভারপ্রাপ্ত কর্মকর্তা, সংস্থাপন শাখা |

৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ খলিলুর রহমান
বিভাগীয় কমিশনার

স্মারক নম্বর: ০৫.৪৬.০০০০.০০৫.১৮.০০১.১৫.৬৫৮

তারিখ: ১৫ আষাঢ় ১৪২৮
২৯ জুন ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

২) সচিব, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা

৩) তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ বিভাগীয় কমিটি, সিলেট এর সদস্যবৃন্দ।



মোঃ খলিলুর রহমান
বিভাগীয় কমিশনার